Becoming too strongly attached to that outcome can make it much harder to move forward. Success may make us overestimate our control, while failure may make us feel unnecessarily incapable. It is perfectly natural to have expectations, but it is equally important to learn how to remain detached from the final outcome.

At this point, I would like to refer to a video of Roger Federer's speech, where he said, "***when you are playing a point, it has to be the most important thing in the world and it is, but when it's behind you, it's behind you.***" Scan the QR code here to watch the full speech on YouTube and hear the idea in its complete context.

(Activity + Conscious Involvement + Detachment from Outcome) × Repeat ⇒ Journey of Life

Therefore, staying active, becoming consciously involved in our activities, giving our best effort, and yet remaining detached from the final outcome may form one of the core foundations of this journey.

We all want stability in life, but stability does not necessarily mean inactivity. Perhaps stability means having a better understanding of our activities, our involvement in them, and our response to whatever outcome follows.

And then we repeat.

One activity leads to another, one experience to another, one involvement to another. The journey continues for as long as we are alive.

Until, one day, it stops.



আবার শুরু — আশা (Part 2)

অঞ্জন ভৌমিক

প্রিয় পাঠকগণের অভূতপূর্ব সাড়া ও ভালোবাসার প্রতিক্রিয়ায় অমলের দ্বিতীয় খণ্ড লিখতে অনুপ্রাণিত হলাম। অমলের জীবনের একটা বড় অধ্যায় অতিবাহিত হলো বিদেশে—বলা বাহুল্য, সেটা কর্মসূত্রেই।

বেশ চলছিল জীবনটা তার। কিন্তু ছন্দপতন হলো যখন সে হঠাৎ করেই চাকরিটা হারাল…

"অমলের জীবনে আবারও ঘূর্ণিঝড়ের মতো এক দমকা বাতাস বয়ে নিয়ে এল এক প্রলয়নাচন। শুরু হলো চাকরি হারানোর পর চার মাসের এক নির্মম অধ্যায়—যেখানে জড়িয়ে ছিল ভয়, আত্মবিশ্বাসহীনতা, নতুন করে জেগে ওঠা এবং পরিশেষে নিজের মনকে জয় করার গল্প।"

কখনও কখনও জীবনে এমন একটি মুহূর্ত আসে, যখন মনে হয়—"এবার বুঝি সব শেষ।" অমলের জীবনেও এমন একটি মুহূর্ত এসেছিল। কাজের জায়গায় দীর্ঘদিন ধরে চলা নানা ধরনের অফিস রাজনীতি, বৈষম্য এবং নিজের প্রতি অন্যায় আচরণের অভিজ্ঞতা তাকে ভেতর থেকে অনেকটাই ক্লান্ত করে ফেলেছিল। কিন্তু তারপরও সে ভাবেনি যে এত হঠাৎ করে সবকিছু শেষ হয়ে যাবে। সে ভাবেনি যে একদিন কোনো পূর্ব-নোটিশ ছাড়াই হঠাৎ করে তার চাকরিটা চলে যাবে।

সেদিন অমল শুধু একটি চাকরি হারায়নি। সে হারিয়েছিল তার নিরাপত্তাবোধ। আর কিছুটা সময়ের জন্য, তার নিজের ওপর বিশ্বাসটাও।

"আমি কি আর কোনোদিন আগের মতো হতে পারব?"

চাকরি চলে যাওয়ার পর প্রথম কয়েকদিন অমল ভেবেছিল—এটা সাময়িক। কিছুদিনের মধ্যেই নতুন একটা সুযোগ চলে আসবে। কিন্তু দিন গড়াতে লাগল।

এক সপ্তাহ|

দুই সপ্তাহ|

এক মাস|

দুই মাস।

চাকরির জন্য আবেদন করতে লাগল সে। কখনো উত্তর নেই, কখনো প্রত্যাখ্যান, কখনো সাক্ষাৎকারের পর আর কোনো খবর নেই।

প্রায় ৫০টি চাকরিতে আবেদন করেও—সবকটিই তার শহরের বাইরে—যখন প্রত্যাশামতো সাড়া আসছিল না, তখন তার আত্মবিশ্বাস আরও কমতে লাগল।

চাকরি খোঁজার ক্ষেত্রে বেশ কিছু অতিরিক্ত চ্যালেঞ্জও ছিল, যেমন:

- মৌসুমি মন্দাভাব: সাধারণত ডিসেম্বর থেকে মার্চ মাস পর্যন্ত অনেক প্রতিষ্ঠানে নতুন কর্মী নিয়োগের গতি কিছুটা কমে যায় বা ধীর হয়ে আসে।
- এআই (AI)-এর প্রভাব: বর্তমানে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI-এর কারণে চাকরির বাজারে বড় ধরনের পরিবর্তন এসেছে। অনেক প্রচলিত কাজের ধরন বদলে যাচ্ছে এবং কিছু পেশায় কর্মসংস্থানের সুযোগও নতুনভাবে প্রভাবিত হচ্ছে।
- এটিএস (ATS) স্কোর: বর্তমানে অনেক প্রতিষ্ঠানে রেজুমে বাছাইয়ের জন্য ATS (Applicant Tracking System) ব্যবহার করা হয়। তাই রেজুমেকে এমনভাবে তৈরি করা গুরুত্বপূর্ণ, যাতে সেটি ATS-এর মাধ্যমে সহজে শনাক্ত ও মূল্যায়ন করা যায়। ভালোভাবে তৈরি ও job description-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রেজুমে এই প্রক্রিয়ায় এগিয়ে থাকার সম্ভাবনা বাড়ায়।

সবচেয়ে কঠিন ছিল অন্য একটি বিষয়।

সে পড়াশোনা করছিল, কিন্তু কিছুই যেন মনে থাকছিল না।

যে মানুষটি বছরের পর বছর প্রযুক্তি নিয়ে কাজ করেছে, সেই মানুষটিই এখন বই খুলে বসে কয়েক ঘন্টা পর মনে করত—"আমি আসলে কী পড়লাম?"

ভয়, দুশ্চিন্তা আর ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা তার মনোযোগকে গ্রাস করেছিল।

তখন অমলের মনে হতে লাগল—

"হয়তো আমার কর্মজীবন এখানেই শেষ।"

একসময় ভাবল, আপাতত অন্য কিছু করি। সেইমতো শুরু করল অন্য একটি কাজ। কিন্তু দু-এক সপ্তাহের মধ্যেই সে বুঝতে পারল যে সেটাও সে ভালোভাবে করতে পারছে না। সবকিছু করতে করতে মনে হচ্ছিল, অমল যেন নিজের পরিচিত জগতের বাইরে চলে গেছে। বরং এতে তার আত্মবিশ্বাস আরও কমে গেল।
প্রতিদিন কাজ করতে গিয়ে মনে হচ্ছিল, "আমি কি সত্যিই আমার নিজের পেশায় আর ফিরতে পারব না?"
একদিন নিজের ঘরে বসে অমল আর নিজেকে ধরে রাখতে পারল না। চোখ দিয়ে জল বেরিয়ে এল।
একজন মানুষ বাইরে থেকে যত শক্তই দেখাক, চাকরি হারানোর পর নিজের মূল্য নিয়ে প্রশ্ন জাগলে ভেতরের লড়াইটা কতটা কঠিন—সেটা কেবল সেই মানুষটাই জানে।
সে বুঝতে পারল—
সমস্যা সেই অন্য কাজটি নয়। সমস্যাটা তার নিজের আত্মবিশ্বাস। তাকে পালিয়ে অন্য কিছু করার চেষ্টা না করে, নিজের শক্তির জায়গাতেই ফিরে যেতে হবে।

তারপর এল সেই সিদ্ধান্ত
একদিন অমল নিজেকেই বলল—
"বয়স বেড়েছে—এটা সত্যি। কিন্তু বয়সই যে আমার পথের বাধা হবে, সেই সিদ্ধান্ত তো আমি নিজেই নিতে পারি না।"
পরের দিন থেকেই শুরু হলো নতুন এক পথচলা। এবার আর পিছনে ফিরে তাকানো নয়—নিজেকে নতুন করে গড়ে তোলার পালা।
প্রতিদিন ৭–৮ ঘন্টা নিজের বিষয় নিয়ে পড়াশোনা। শুধু নিজের পুরনো বিষয় নয়—
অন্যান্য প্রাসঙ্গিক প্রযুক্তি, Cloud Technology, AI, আধুনিক IT Tools-এর পাশাপাশি চলল Interview Preparation।
অনেক কিছু পড়ে আবার ভুলে যাচ্ছিল। আবার পড়ছিল। আবার ভুলছিল। কিন্তু এবার একটা পার্থক্য ছিল।
সে ভুলে যাওয়াকে ব্যর্থতা হিসেবে দেখা বন্ধ করল।
যা মনে থাকছে না, আবার পড়ল। যা বুঝতে পারছে না, আবার শিখল।
যে প্রযুক্তি আগে কখনো ব্যবহার করেনি, সেটার প্রাথমিক ধারণা থেকে শুরু করল। প্রতিদিন একটু একটু করে আত্মবিশ্বাস ফিরে আসতে লাগল।
হয়তো একদিনে নয়। হয়তো এক সপ্তাহেও নয়। কিন্তু প্রতিদিন এক শতাংশ করে।

Interview-এর দরজা আবার খুলল
একসময় অমল বুঝতে পারল—সে আগের মতো ভয় পাচ্ছে না। সে আবার Interview দিতে শুরু করল। প্রথমে কিছুটা অস্বস্তি ছিল। তারপর দ্বিতীয় Interview, তারপর তৃতীয়।
কয়েক মাস আগেও যে মানুষটি ভাবছিল, "আমাকে আর কেউ নেবে না," সেই মানুষটির হাতে একসময় দুই-তিনটি খুব ইতিবাচক সুযোগ চলে এল।
এখানেই গল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি এল।
একদিকে ছিল বেশি বেতন, ভালো সুযোগ-সুবিধা এবং কর্পোরেট প্রতিষ্ঠানে কাজের সুযোগ।
অন্যদিকে ছিল এমন একটি কাজ, যেখানে বেতন হয়তো কিছুটা কম, কিন্তু পরিবেশ হবে তুলনামূলক শান্ত, স্থির এবং দীর্ঘমেয়াদে মানসিকভাবে স্বস্তিদায়ক।
অমল এবার অন্যভাবে চিন্তা করল। সে নিজেকে প্রশ্ন করল—
"জীবনের এই পর্যায়ে আমি আসলে কী চাই?"
আর উত্তরটা খুব পরিষ্কার ছিল।
শুধু বেশি টাকা নয়।

সে চায় শান্তি।

স্থিতিশীলতা।

নিজের কাজকে ভালোভাবে করা।

পরিবারকে আরও বেশি সময় দেওয়া—যেটা আগে কখনো সেভাবে হয়ে ওঠেনি।

নিজেকে আবার উপভোগ করা।

এবং আগামী কয়েক বছর মানসিকভাবে ভালো থেকে কাজ করা।

যদিও এই সিদ্ধান্তটি নিতে তার পরিবারের ভূমিকা অনবদ্য। চারিদিকের তীব্র প্রতিযোগিতা আর অনেক বড় অঙ্কের বেতনের হাতছানি এড়িয়ে সে এমন একটি পথ বেছে নিল, যা তাকে মানসিক শান্তি দেবে। তার পরিবার তাকে বুঝিয়েছিল যে—যে কাজে নিজের জন্য সময় থাকে না, শরীর ও স্বাস্থ্য নষ্ট হয় এবং দিনশেষে পরিবারের মানুষদের সাথে দুটো কথা বলার সুযোগটুকুও হারিয়ে যায়, সেই অর্থহীন ব্যস্ততার কোনো মূল্য নেই। আমলের মেয়ে তাকে বুঝিয়েছিলো যে "everything happens for a reason" । পরিবারের এই নিঃস্বার্থ সমর্থন আর অনুপ্রেরণাই তাকে সাহস জুগিয়েছিল একটি শান্ত, সুশৃঙ্খল এবং ভারসাম্যপূর্ণ জীবন বেছে নেওয়ার। এই সিদ্ধান্তের পর তার জীবনের গতিপথ সম্পূর্ণ বদলে গেল। অমল বেছে নিল তার পছন্দের কোম্পানিকে।

অন্য একটি ভালো কর্পোরেট সুযোগ ছিল—বেশি বেতন এবং আকর্ষণীয় সুযোগ-সুবিধাসহ। তবুও অমল সেটি বেছে নিল না।

কারণ এবার সিদ্ধান্তটা শুধু বেতন দিয়ে নেওয়া হয়নি।

হৃদয় এবং জীবনের অগ্রাধিকার দিয়েও নেওয়া হয়েছিল।

আজ অমল জানে, জীবনে সবসময় সবচেয়ে বেশি বেতনই সবচেয়ে বড় সাফল্য নয়। কখনও শান্তিতে ঘুমাতে পারা, নিজের কাজকে সম্মান করা, নতুন কিছু শেখার আগ্রহ ধরে রাখা এবং নিজের ওপর বিশ্বাস ফিরে পাওয়াই সবচেয়ে বড় সাফল্য।

তাই জীবনের কোনো কঠিন সময়ে যদি মনে হয়, "আমার সময় শেষ," মনে রাখবেন—

এটা শেষ নয়। এটা শুধু আপনার গল্পের আরেকটি অধ্যায়।



ফিরে দেখা বাইশে শ্রাবণ



অমৃত অঞ্জন বসু (জয়)

২২শে শ্রাবণ, ১৩৪৮, বৃহস্পতিবার
স্থানঃ ঠাকুরবাড়ি, জোড়াসাঁকো, কলকাতা।

আজ থেকে ৮৫ বৎসর আগের এক প্রবল বর্ষণমুখর দিন।
সমস্ত আকাশে মেঘের ঘনঘটা। চারদিকে যেন প্রদীপ নিভে যাওয়ার ভাব আর প্রকৃতির অবিরাম ক্রন্দন।
দীর্ঘ রোগভোগের পর ও সদ্য অস্ত্রোপচার শেষে কবিগুরু শয্যাগত।
পাশে উপস্থিত পুত্র, পুত্রবধূ, পৌত্রসহ ঠাকুরবাড়ির অন্যান্য সদস্যরা, কবির কয়েকজন ঘনিষ্ট অনুগামী ব্যক্তিগত সচিব ও ব্রিটিশ ভারতের কয়েকজন বিখ্যাত বাঙালী চিকিৎসকগণ।
অন্যান্য দিনের চেয়ে কবির অবস্থা বেশ উদ্বেগজনক।
আকাশবাণী কলকাতা (তৎকালীন অল ইন্ডিয়া রেডিও) থেকে প্রতি ঘন্টায় তাঁর শরীরের সর্বশেষ অবস্থা জানিয়ে প্রচারিত হচ্ছে বিশেষ বুলেটিন।
এরই মধ্যে সকলকে শোকে মুহ্যমান করে ঠিক মধ্যাহ্নবেলায় শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন বিশ্বসাহিত্যের অন্যতম দিকপাল ও বাংলাসাহিত্যের প্রাণপুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।

খুব সংক্ষেপে এই হল ১৯৪১ খ্রিষ্টাব্দের ৭ই অগাস্ট, ১৩৪৮ বঙ্গাব্দের ২২শে শ্রাবণে তৎকালীন ব্রিটিশ ভারতের কলকাতায় ঘটে যাওয়া একটা বিশেষ ঘটনা। কিন্তু যে 'বাইশে শ্রাবণ'- শব্দ দু'টো প্রতিটি বাঙালীর মনে এক বিশেষ অণুরণন সৃষ্টি করে, সেই নক্ষত্রপতনের দিনটাকে একটু সবিস্তারে, গভীরভাবে জানার আগ্রহ অনেকেরই আছে বলে আমার বিশ্বাস। সেই বিশ্বাস থেকেই আজ ইতিহাসের পাতা থেকে এই সুবিশেষ দিনটা ও তাঁর পিছনের প্রাসঙ্গিক কিছুদিনের ধারাবাহিক বিস্তারিত বিবরণ নিয়ে লেখার ইচ্ছা হল। এই বিবরণী সাড়ে ৮ দশক আগের সেই দিনটার মতই দুঃখভারাক্রান্ত, বেদনাবিধুর ও উদ্বেল অনুভূতির ভিতর দিয়ে নিয়ে যাবে।
মূলত, ২২শে শ্রাবণ তথা রবীন্দ্রনাথের শারিরীক ভাবে পৃথিবীতে শেষদিনটার পটভূমি বলতে গেলে প্রথমেই চলে আসে ১৯৩৭ সালের সেপ্টেম্বর মাসের কথা, যখন তাঁর কিডনির সমস্যা প্রকট আকার ধারন করার কারণে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। কিন্তু সে যাত্রায় সুস্থ হয়ে উঠেছিলেন কবি।

২৬শে সেপ্টেম্বর, ১৯৪০, বৃহস্পতিবার
স্থানঃ গৌরীপুর হাউজ, কালিম্পং
এদিন রাতে রবীন্দ্রনাথ হঠাৎ অসুস্থ হয়ে পড়েন রবীন্দ্রনাথ। ঠিক এক সপ্তাহ আগেই শান্তিনিকেতন থেকে পুত্র রথীন্দ্রনাথ ঠাকুরের স্ত্রী পুত্রবধু প্রতিমা দেবীর কাছে এসেছিলেন তিনি। দ্রুত চিকিৎসা দিতে আসেন দার্জিলিংয়ের সিভিল সার্জন, যার পরামর্শে রক্ত পরীক্ষার পর ধরা পড়ল কবির প্রস্টেট গ্রন্থিতে সমস্যা। অতিসত্ত্বর অস্ত্রোপচার করা প্রয়োজন। কলকাতা থেকে চিকিৎসক নিয়ে কালিম্পংয়ে গেলেন কবির এক সময়ের ব্যক্তিগত সচিব ও প্রখ্যাত বিজ্ঞানী প্রশান্তচন্দ্র মহলানবিশ। রবীন্দ্রনাথকে অজ্ঞান অবস্থায় পাহাড়ী কালিম্পং থেকে কলকাতায় নিয়ে আসা হল। সেবার জোড়াসাঁকোতে মাসখানেক শয্যাশায়ী ছিলেন রবীন্দ্রনাথ। শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলে অবশেষে ১৮ই নভেম্বর, ১৯৪০-এ শান্তিনিকেতনে ফিরে আসেন।
শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের জন্য সার্বক্ষণিক চিকিৎসক ও সেবিকা নিযুক্ত করা হল। তখন তার শারীরিক অবস্থা ভাল না হওয়ায় তিনি নিজ হাতে লিখতে পারতেন না বলে তিনি ডিকটেশান দিতেন ও তাঁর ব্যক্তিগত সচিব অনিলকুমার চন্দের স্ত্রী কবির স্নেহধন্যা, শান্তিনিকেতনের শিক্ষার্থী ও চিত্রশিল্পী রাণী চন্দ লিখতেন। এসময় তিনি বেশ কয়েকটি কবিতার রচনা করেছিলেন। এই রাণী চন্দই শ্রুতিলিখনের মাধ্যমে কবির জীবনের সর্বশেষ কবিতাটিও লিখেছিলেন।

এরই মধ্যে রবীন্দ্রনাথের প্রস্টেট গ্ল্যান্ডের সমস্যা তীব্র আকার ধারণ করল। বিভিন্ন ধরনের ওষুধ দিয়ে চেষ্টা করলেও কিছুতেই রোগের উপশম হচ্ছিল না। অস্ত্রোপচারই একমাত্র ভরসা ছিল, কিন্তু কবির সে ব্যাপারে ঘোর আপত্তি ছিল। তিনি বলতেন, 'এক ভাবে না এক ভাবে এই শরীরের শেষ হতে হবে তো, তা এমনি করেই হোক না শেষ। ক্ষতি কী তাতে? মিথ্যে এটাকে কাটা-ছেঁড়া করার কি প্রয়োজন?'

দীর্ঘ দুই যুগ ধরে রবীন্দ্রনাথের চিকিৎসা করছিলেন বিখ্যাত ডাক্তার অধ্যাপক স্যার নীলরতন সরকার। তিনিও আপত্তিপোষণ করতেন কবির অপারেশানের ব্যাপারে। তাঁর মতে, এই বয়সে কবি পোস্ট অপারেটিভ ট্রমা বা অস্ত্রোপচার-পরবর্তী ধকল নিতে পারবেন না। এজন্য তিনি ওষুধ চালিয়ে যাওয়ার ব্যাপারে জোর দিয়েছিলেন।

এভাবে আরও কিছুকাল কাটল, ১৯৪১ সাল চলে এসেছে ইতোমধ্যেই। শান্তিনিকেতনেই আছেন। কিছুদিন সুস্থ তো আবার কিছুদিন অসুস্থ, এই অবস্থা তখন রবীন্দ্রনাথের। সে বছরের ১৬ই জুলাই কবির চিকিৎসা নিয়ে বিস্তারিত আলোচনার জন্য সেখানে আসেন তিনজন প্রখ্যাত চিকিৎসক – ডা. বিধানচন্দ্র রায় (পরবর্তীতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী), ডা. ললিতমোহন বন্দ্যোপাধ্যায় ও ডা. ইন্দুভূষণ বসু। আলোচনার এক পর্যায়ে ডা. বিধানচন্দ্র রবীন্দ্রনাথকে বলেছিলেন, 'আপনি তো আগের থেকে একটু ভালো আছেন। সে কারণে অপারেশনটা করিয়ে নিতে পারলে ভালো হবে, আর আপনিও সুস্থবোধ করবেন।' উপস্থিত সকল চিকিৎসকগণ অস্ত্রোপচারের পক্ষে মত দিলে কবি সবার অনুরোধে রাজি হয়েছিলেন। অতঃপর সিদ্ধান্ত হল তাঁর অপারেশন করা হবে কলকাতার জোড়াসাঁকোতে নিজ বাসভবনে। এই সিদ্ধান্তের মূল্য যে কি হতে যাচ্ছে, সেটা তখন কেউ ভাবতে পারেননি।

২৫শে জুলাই, ১৯৪১, শুক্রবার। স্থানঃ শান্তিনিকেতন, বোলপুর

এই দিনটি অত্যন্ত বিশেষ কারণ এটিই তাঁর প্রিয়তম স্থান, ভালবাসার শান্তিনিকেতনে তাঁর শেষদিন। কবি যেখানেই যেতেন, যতই অসুস্থ হয়ে পড়তেন, একটু সুস্থ হয়েই তিনি তাঁর নিজের হাতে গড়া প্রিয় আশ্রম শান্তিনিকেতনে ফিরে যেতে ব্যকুল হয়ে পড়তেন। শান্তিনিকেতন তাঁর কাছে কতটা শান্তিময় স্থান ছিল, তা লেখার পরবর্তী অংশে আরও প্রতীয়মান হবে।

যাই হোক, রবীন্দ্রনাথ বোধ হয় অজান্তেই বুঝতে পেরেছিলেন এটিই তার শেষ যাত্রা।

খুব সকালে আশ্রমের শিক্ষার্থী, কর্মী, শিক্ষকেরা সমবেত কণ্ঠে 'এদিন আজি কোন ঘরে গো খুলে দিল দ্বার' গেয়ে গুরুদেবকে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করল। বিদায় নেওয়ার আগে মোটরগাড়িতে করে পুরো আশ্রম ঘুরে শান্তিনিকেতনের সবার সঙ্গে দেখা করলেন রবীন্দ্রনাথ। আশ্রমের চিকিৎসক শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়কে ডেকে কবি বললেন, 'শচী, আমার আশ্রম রইল, আশ্রমবাসীরাও রইলেন। তুমি দেখে রেখো।'

গোটা আশ্রমের মানুষ তাদের প্রিয় গুরুদেবকে অশ্রুসিক্ত নয়নে বিদায় জানালেন। শান্তিনিকেতন থেকে বোলপুর রেলস্টেশন। সেখান থেকে ট্রেনের বিশেষ কোচে রবীন্দ্রনাথকে নিয়ে যাওয়া হলো কলকাতায়।'

২৫শে জুলাই দুপুর নাগাদ বোলপুর থেকে হাওড়া স্টেশানে নামেন তিনি। সেখান থেকে দুপুর ৩টা ১৫ মিনিটের দিকে রবীন্দ্রনাথকে আনা হলো জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে। বিশেষ লোক জানাজানি না হওয়ায় স্টেশান কিংবা বাড়িতে কোথাও তেমন ভিড় হয়নি, যেটা এই গুরুতর অসুস্থ অবস্থায় একটা স্বস্তির ব্যাপার ছিল। তবে দীর্ঘ ট্রেনযাত্রায় গরমে বেশ কষ্ট পেয়েছিলেন কবি।

তাকে স্ট্রেচারে করে নিয়ে যাওয়া হলো জোড়াসাঁকোর মূল ভবন, তথা মহর্ষি ভবনের দোতলায় 'পাথরের ঘরে'। যারা জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে ভ্রমণ করেছেন, তারা রবীন্দ্রনাথের প্রয়াণকক্ষ হিসাবে দোতলায় যে কক্ষটা সংরক্ষিত দেখেন, সেটাই পাথরের ঘর বলে পরিচিত ছিল।

যাই হোক, বাড়িতে পৌঁছে ভীষণ ক্লান্তিতে স্ট্রেচারের উপরই ঘুমিয়ে পড়লেন কবি। বললেন, 'এখন আমাকে নাড়াচাড়া কোরো না, এভাবেই থাকতে দাও।'

এ বাড়িতেই অপারেশন হবে বলে সমস্ত জিনিসপত্র সরিয়ে পুরো কক্ষ পরিষ্কার করা হয়েছিল। বিকালে কয়েকজন আত্মীয়-পরিজন তাঁকে দেখতে এলেও তিনি কারো সঙ্গে কথা বলতে পারেননি। সন্ধ্যার দিকে কিছুটা দুর্বল বোধ করলেও সে রাতে বেশ স্বস্তিতেই ঘুমালেন।

২৬শে জুলাই, ১৯৪১, শনিবার।

স্থানঃ ঠাকুরবাড়ি, জোড়াসাঁকো, কলকাতা।

এদিন সকালটা বেশ আনন্দেই কাটালেন তিনি। রবীন্দ্রনাথের কাকাতো ভাইয়ের ছেলে চিত্রশিল্পী অবনীন্দ্রনাথ ঠাকুর এলেন তাঁকে দেখতে। ৮০ বছর বয়সী কাকা আর ৭০ বছর বয়সী ভাইপো মেতে উঠলেন ছোটবেলার নানা গল্পে। বিকাল সাড়ে ৪টার দিকে কবিকে গ্লুকোজ ইনজেকশান দেওয়া হল। সন্ধ্যার দিকে ভীষণ কাঁপুনি দিয়ে জ্বর আসল রবীন্দ্রনাথের। এর আধাঘন্টার মধ্যেই তিনি ঘুমিয়ে গেলেন।

পরদিন, ২৭শে জুলাই সকালে রাণী চন্দকে দিয়ে ডিকটেশানের মাধ্যমে একটি বিখ্যাত কবিতাটি লেখালেন রবীন্দ্রনাথ –

প্রথম দিনের সূর্য
প্রশ্ন করেছিল
সত্তার নূতন আবির্ভাবে—
কে তুমি,
মেলে নি উত্তর।

এরপর রাণীর হাত থেকে খাতা নিয়ে নিজেই সংশোধন করলেন। রসিকতা করে বলছিলেন, 'ডাক্তাররা বড় বিপদে পড়েছে। কতভাবে রক্ত নিচ্ছে, পরীক্ষা করছে কিন্তু কোন রোগই পাচ্ছে না তাতে। এ তো বড় বিপদ ডাক্তারদের! রোগী আছে, রোগ নেই!'

২৮শে জুলাই কবির শরীর অত্যন্ত দুর্বল হয়ে পড়েছিল। চিকিৎসকগণ চিকিৎসার সর্বাত্মক চেষ্টা চালান এবং অস্ত্রোপচারের প্রস্তুতি নিতে থাকেন।

২৯শে জুলাই সকালবেলা অস্ত্রোপচার নিয়ে বেশ বিমর্ষ ছিলেন কবি। বললেন, 'যখন অপারেশন করতেই হবে, তখন তাড়াতাড়ি চুকে গেলেই ভাল।' তিনি তখনও জানতেন না আগামীকালই তার অপারেশান হবে। এদিন বিকালে কবি আরেকটি কবিতা লেখালেন রাণীকে দিয়ে।

৩০শে জুলাই, ১৯৪১, বুধবার

অস্ত্রোপচারের দিন

এদিন সকালে রাণী চন্দকে দিয়ে রবীন্দ্রনাথ লেখালেন তার অন্তিম সৃষ্টি। রুগ্ন, ধ্যানস্থ শরীরে ঘন ঘন শ্বাস ফেলতে ফেলতে চরম ক্লান্তিতে চোখ বুজে বেশ কয়েকবার থেমে থেমে ভাঙা গলায় বলে গেলেন –

তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি
বিচিত্র ছলনা-জালে,
হে ছলনাময়ী।
মিথ্যা বিশ্বাসের ফাঁদ পেতেছ নিপুণ হাতে
সরল জীবনে।

সাড়ে ৯টা নাগাদ কবিতাটা শেষ করে একই সাথে লেখালেন তাঁর সর্বশেষ চিঠি শান্তিনিকেতনে অবস্থানরত পুত্রবধূ প্রতিমা দেবীর উদ্দেশ্যে। মাত্র ৭টা বাক্যের চিঠিটা শেষ করার পর সকাল ১০টায় রবীন্দ্রনাথ চিঠির নিচে খুবই দুর্বল ও কাঁপাকাঁপা হাতে স্বাক্ষর করলেন –'বাবামশায়'।
তখনও কেউ জানেন না যে, এই কবিতাটি, এই পত্রটি ও হস্তাক্ষরটি জীবনের অন্তিমবারের মত হয়ে থাকবে।

সেদিন সকাল থেকেই জোড়াসাঁকোতে তোড়জোড় চলছে রবীন্দ্রনাথের অপারেশনের। তাঁর অজ্ঞাতে সবকিছু নিঃশব্দে করা হচ্ছে। কক্ষের পূর্বদিকের লম্বা বারান্দার দক্ষিণ দিক ঘেঁষে সাদা কাপড়ের পর্দা টানিয়ে আড়াল করে অপারেশনের যন্ত্রপাতিসহ টেবিল সাজানো হয়েছে। সাড়ে ১০টা নাগাদ অপারেশনের প্রস্তুতি শেষ হল। তখন ডা. ললিতকুমার বন্দ্যোপাধ্যায় রবীন্দ্রনাথের ঘরে এসে ঢুকলেন। রানী চন্দ বললেন, "ললিতবাবু এসেছেন, গুরুদেব!"
কবি চোখ মেললেন। ললিতবাবু বললেন, "আজ দিনটা ভাল আছে। তাহলে আজই সেরে ফেলি, কি বলেন?"
কবি একবার বললেন, "আজই?" তারপর সকলের দিকে চেয়ে বললেন, "তা ভাল। এরকম হঠাৎ হয়ে যাওয়া মন্দ নয়।" বলে চুপ করে গেলেন। তাঁকে বসিয়ে দেওয়া হল বিছানায়। খানিক পরে তাঁকে খুব শান্ত দেখাল। যেন প্রস্তুতি নিয়ে নিলেন মনে মনে।

রাণী চন্দকে বললেন, "সকালের কবিতাটা পড়ে শোনা তো!"
রাণী কবির কানের কাছে মুখ নিয়ে গিয়ে জোরে জোরে পড়ে শোনালেন। কবি বললেন, "কিছু গোলমাল আছে। তা থাক। ডাক্তাররা তো বলছে অপারেশনের পর মাথাটা আরও পরিষ্কার হয়ে যাবে। ভাল হয়ে তারপর ঠিক করব'খন।" অত্যন্ত হৃদয়বিদারক ব্যাপার এই যে, কবির এই আশাবাদ আর আলোর মুখ দেখেনি পরবর্তীতে। তবে একটা বিষয় পরিলক্ষিত যে, এরকম মুমূর্ষু সময়েও তাঁর সাহিত্যবোধ, আশাবাদ, রসবোধ ও জীবনীশক্তি সত্যিই অনন্য।
যাই হোক, বেলা ১১টার সময় রবীন্দ্রনাথকে স্ট্রেচারে করে নিয়ে এসে অপারেশন-টেবিলে শুইয়ে দেওয়া হল। ক্লোরোফর্ম দিয়ে অজ্ঞান না করে অপারেশান হল লোকাল অ্যানেসথেসিয়া ব্যবহার করে বা অবশ করে।
মাত্র ২০ মিনিটে অপারেশনের কাঁটাছেঁড়া সম্পাদিত হলো। লোকাল অ্যানেসথেসিয়া প্রয়োগের কারণে খুব ব্যথা পেলেও রবীন্দ্রনাথ অপারেশনের সময় তা প্রকাশ করেননি। তবে পরে ডা ললিতসহ উপস্থিত বিভিন্ন জনকে রসিকতা করে ব্যথার ব্যাপারটা বলেছিলেন তিনি।
বারোটা নাগাদ অপারেশানের সব কিছু শেষ হল। কবিকে আনা হল তাঁর নিজের শয্যায়। এদিন সারাটা সময় কবি ঘুমিয়ে থাকলেন। শরীরের তাপমাত্রা ছিল ৯৮.৪° যা অন্যান্য দিনের চেয়ে বেশ কম।

মূলত, কবির প্রস্টেট গ্লান্ড অতিরিক্ত বড় হয়ে যাওয়ায় মূত্রনালী প্রায় বন্ধ হয়ে যাওয়ার কারণে Suprapubic Cystostomy সার্জারী করা হয়েছিল। উল্লেখ্য, এই অস্ত্রোপচার এমন একটা সময়ে হয়, যখনও গুরুতর ইনফেকশান বা সংক্রমণের চিকিৎসায় পেনিসিলিন ব্যবহার ব্যাপকভাবে শুরুই হয়নি। অর্থাৎ অপারেশানের পর কোন অ্যান্টিবায়োটিক দেওয়ার সুযোগ ছিল না। তাই এই অস্ত্রোপচারের পর রবীন্দ্রনাথের শারীরিক অবস্থার সাময়িক উন্নতি হলেও, পরবর্তীতে ইনফেকশান এবং ইউরেমিয়া ছড়িয়ে পড়ার কারণে দ্রুত অনবস্থার অবনতি হতে থাকে।

অস্ত্রপচার পরবর্তী-সময়
৩১শে জুলাই, ১৯৪১, বৃহস্পতিবার
অস্ত্রপচারের পরবর্তী দিন অত্যন্ত যন্ত্রণাবোধ করেন রবীন্দ্রনাথ। এদিন দুপুর থেকে তাঁর শরীরের তাপমাত্রা বাড়তে লাগল।
১ অগাস্ট সকাল থেকেই রবীন্দ্রনাথ প্রায় বাকরুদ্ধ হয়ে পড়েন। অসাড় হয়ে পড়ে ছিলেন সারাদিন। দুপুরের দিকে কিছু জিজ্ঞেস করলে শুধুমাত্র মাথা নেড়ে সায় দেন।
পরবর্তী কয়েকদিন ধরে অবস্থার ক্রমাবনতি হতে থাকে।
৫ই অগাস্ট সকালে অস্ত্রোপচারের একটি সেলাই খুললেন ডা. ললিত বন্দ্যোপাধ্যায়। সন্ধ্যার দিকে গিরিডি থেকে রবীন্দ্রনাথকে দেখতে এলেন তাঁর দীর্ঘদিনের চিকিৎসক স্যার নীলরতন সরকার এবং ডা. বিধানচন্দ্র। কিন্তু কোন সাড়া পাওয়া যাচ্ছিল না কবির। ডা. সরকার এসে নাড়ি দেখলেন, পরম মমতায় কপালে হাত বুলিয়ে দিলেন। বিদায় নেওয়ার সময়ে তাঁর দু'চোখে ছিল অশ্রুসিক্ত। তারা পরীক্ষা করে বুঝতে পারলেন যে আর বেশি সময় অবশিষ্ট নেই। এদিন রাতে স্যালাইন এবং অক্সিজেন দিয়ে রাখা হল।
৬ই অগাস্ট মাঝে মাঝেই কেশে উঠছিলেন রবীন্দ্রনাথ। সকাল থেকে পুরো জোড়াসাঁকো লোকে লোকারণ্য। বিকাল থেকে শুরু হল ক্রমাগত হিক্কা ওঠা। এদিন মধ্যরাতে কবির অবস্থার চূড়ান্ত অবনতি হল।

অতঃপর ৭ই অগাস্ট, ১৯৪১
২২শে শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ , বৃহস্পতিবার
এটা ছিল রাখী পূর্ণিমার দিন। কিন্তু সেই পূর্ণিমার দিনেই, মধ্যাহ্নের একটু পরেই নেমে এসেছিল অমাবস্যার ঘোর অন্ধকার।
সেদিন ভোর চারটা থেকেই মোটরগাড়ির আনাগোনা জোড়াসাঁকোর সরু গলিতে। নিকট আত্মীয়-বন্ধু-পরিজন সবাই দেখতে আসছেন কবিকে। এদিকে বেলা ন'টায় দেওয়া হল অক্সিজেন। শেষবারের মতো দেখে গেলেন ডা. বিধান ও ডা. ললিত। রামানান্দ চট্টোপাধ্যায় ও বিধুশেখর শাস্ত্রী উপাসনা করলেন ও মন্ত্র পড়লেন। কানের কাছে পড়া হচ্ছিল তাঁর জীবনের বীজমন্ত্র 'শান্তম্, শিবম্, অদ্বৈত্যম্'।

নিঃশ্বাসের শব্দ ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে এল। অতঃপর খুলে দেওয়া হল অক্সিজেনের নল। ধীরে ধীরে কমে এল শরীরের উষ্ণতা, তারপরে একসময় থেমে গেল হৃদয়ের স্পন্দন। জীবন-সায়াহ্নে অন্তিম নিঃশ্বাস ফেললেন বাংলা সাহিত্যের উজ্জ্বলতম নক্ষত্র রবীন্দ্রনাথ ঠাকুর। ঘড়িতে তখন বাজে ঠিক ১২টা ১০ মিনিট।

শেষমুহূর্ত উপস্থিত হওয়ার আগেই জোড়াসাঁকোতে হাজির হাজারে হাজারে মানুষের বাঁধভাঙা কোলাহল। অস্তাচলগামী মহাকীর্তিমান এই সূর্যকে শেষবারের মত দেখার জন্য সমগ্র কলকাতা শহর যেন ভেঙে পড়েছে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির সামনে। সবাই শোকে মুহ্যমান ও নির্বাক। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঠাকুরবাড়িতে মোতায়েন করা হয় পুলিশ। কিন্তু স্বাভাবিকভাবেই অতি অপ্রতুল ছিল সেই বাধা । কবিগুরুকে শেষ বারের মত দেখার জন্য অপেক্ষারত ক্ষিপ্ত জনতা ভেঙে ফেলে ভবনের তালাবদ্ধ কলাপ্সিবল গেইট ।

উপরে ততক্ষণে শেষকৃত্যের উদ্দেশ্যে সুসজ্জিত করা হচ্ছে বিশ্বকবিসম্রাটকে। সাদা বেনারসি জোড় পরানো হলো রবীন্দ্রনাথকে। পরনে কোঁচানো ধুতি, গরদের পাঞ্জাবী, পাট করা চাদর গলার নিচ থেকে পা পর্যন্ত ঝোলানো। কপালে চন্দন, গলায় পুষ্পমাল্য। দুপাশে রাশিরাশি শ্বেতকমল রজনীগন্ধা। ভিতরের উঠানে রবীন্দ্রনাথের প্রিয় শিষ্য ও শিল্পী নন্দলাল বসু নকশা এঁকে মিস্ত্রিদের দিয়ে গুরুদেবের অন্তিমযাত্রার পালঙ্ক তৈরি করলেন।

বিশ্বকবির অপূর্ণ অন্তিম ইচ্ছা

এবার রবীন্দ্রনাথের নশ্বর দেহের অনন্তযাত্রার প্রাক্কালে যেটা সবচেয়ে উল্লেখযোগ্য, সেটা হল এ বিষয়ে জীবদ্দশায় কবির অন্তিম ইচ্ছা।
রবীন্দ্রনাথ চেয়েছিলেন মৃত্যুর পরে তাঁকে যেন শান্তিনিকেতনে নিয়ে যাওয়া হয়। তিনি একাধিক বার তাঁর ঘনিষ্টজনদের কাছে এই ইচ্ছা প্রকাশ করেছেন যে, আমি যেতে চাই শান্তিনিকেতনের উদার মাঠের মধ্যে উন্মুক্ত আকাশের তলায়। ১৯৩০ সালের ২৫শে অক্টোবর ভাইঝি ইন্দিরা দেবীকে একটি চিঠিতে লিখেছিলেন- 'আমার শ্রাদ্ধ যেন ছাতিম গাছের তলায় বিনা আড়ম্বরে বিনা জনতায় হয়– শান্তিনিকেতনের শালবনের মধ্যে আমার স্মরণসভা মর্ম্মরিত হবে।'
কিন্তু হায়··· আবেগী, অত্যুৎসাহী বাঙালী কবিগুরুকে সেই অবসরটুকু একেবারেই দেয়নি। আত্মীয়-পরিজনদের অনেক চেষ্টার সত্ত্বেও শান্তিনিকেতনে নিয়ে যাওয়ার সুযোগ হয়নি। অত্যুৎসাহী জনতার ভিড় অতিক্রম করে আর কিছুই করা সম্ভব হয়নি। ততক্ষণে কলকাতাতেই সব আয়োজন হয়ে গিয়েছে।"
শুধু তাই না, অন্তিম সময়ে যে আপনজনেরা আগলে থেকেছেন তাঁকে, তাঁদের হাত থেকেই একরকম ছিনিয়ে যাওয়া হয় অন্তিমযাত্রার সাজে সজ্জিত কবিকে।
জনসমুদ্র থেকে শুধু কানে আসছিল –'জয় বিশ্বকবির জয়, জয় রবীন্দ্রনাথের জয়। বন্দেমাতরম।'

দুপুর ৩টার দিকে জোড়াসাঁকো থেকে লাখো জনতার মিছিল কবির পুষ্পশোভিত শবদেহ নিয়ে বের হয়ে উত্তর কলকাতার চিতপুর রোড ও বিডন স্ট্রিট হয়ে স্ট্র্যান্ড ব্যাংক রোড ধরে গঙ্গার ধার দিয়ে নিমতলা মহাশ্মশানের উদ্দেশ্যে রওয়ানা হয়। শববাহী পালঙ্কের উপর রাস্তার দু'পাশের অগণিত ভবনের উপরের তলা থেকে হতে থাকা মুহুর্মুহু পুষ্পবৃষ্টিতে সিক্ত হলেন বাংলা সাহিত্যের শ্রেষ্ঠতম প্রতিভা। তার ওপর কবিকে শেষবার দেখার জন্য জোড়াসাঁকো থেকে নিমতলা মহাশ্মশান পর্যন্ত পুরো রাস্তায় তিল ধারণের জায়গা ছিল না। সেই প্রচণ্ড ভ্যাপসা গরমে ও ভিড়ের মধ্যে প্রিয় কবিগুরুকে শেষ শ্রদ্ধা জানাতে আসা মানুষ এবং তাঁর অনুগামীরা শ্রদ্ধা ও ভালোবাসার বহিঃপ্রকাশ হিসেবে তাঁর মরদেহবাহী পালঙ্কের চারপাশ থেকে হাতপাখা দিয়ে বাতাস করছিলেন। আবার আরেকদল অতি উৎসাহী নির্বোধ ও উন্মত্ত জনতা ভিড়ের সুযোগে কবির শবদেহ থেকে চুল-দাড়িও ছিঁড়ে নিচ্ছিলেন নিজেদের কাছে স্মারক হিসাবে রেখে দেওয়ার উদ্দেশ্যে! তাদের কবির ঘনিষ্টজনরা ও পুলিশেরা নিবৃত্ত করার প্রাণপণ চেষ্টা করছিল।
এই ঐতিহাসিক শ্মশানযাত্রায় সমবেত কণ্ঠে রবীন্দ্রসঙ্গীতও গাওয়া হয়েছিল, যেগুলোর মধ্যে অন্যতম ছিল 'হে নূতন, দেখা দিক আর-বার জন্মের প্রথম শুভক্ষণ' এবং বিভিন্ন উপাসনাসঙ্গীত।
জোড়াসাঁকো ঠাকুরবাড়ি থেকে নিমতলা শ্মশানের দূরত্ব মাত্র দুই কিলোমিটারের মতো হলেও, প্রবল জনসমুদ্র পেরিয়ে সেখানে পৌঁছায় বিকাল

৫টা ৪০ মিনিটে আর দাহকার্য সম্পন্ন হতে সন্ধ্যা গড়িয়ে যায়। অভূতপূর্ব প্রচণ্ড এই ভিড় এতটাই ভয়াবহ ছিল যে, কবিপুত্র রথীন্দ্রনাথ কোনভাবেই শ্মশানের ভেতরে ঢুকে পৌঁছতে পারলেন না কবির কাছে। ফলে মুখাগ্নিই করে উঠতে পারেননি তিনি। শেষ পর্যন্ত মুখাগ্নি করেন কবির মেজদা সত্যেন্দ্রনাথ ঠাকুরের দৌহিত্র সুবীরেন্দ্রনাথ ঠাকুর।

আরেকটা অত্যন্ত উল্লেখযোগ্য ব্যাপার অনেকেরই অজানা। আকাশবাণী কলকাতা থেকে মহিষাসুরমর্দিনীর জন্য বিখ্যাত কিংবদন্তি বেতার ব্যক্তিত্ব বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র জোড়াসাঁকো ঠাকুরবাড়ি থেকে নিমতলা মহাশ্মশান পর্যন্ত কবির সেই ঐতিহাসিক ও আবেগঘন শেষযাত্রার প্রতিটি মুহূর্তের বিবরণ অত্যন্ত মর্মস্পর্শী ভাষায় বেতারের মাধ্যমে কোটি কোটি শ্রোতার কাছে পৌঁছে দিয়েছিলেন। শতবর্ষ পূর্বে সমুদ্রগভীর জনজোয়ার ও গোলমালের মধ্যে শব্দ নিয়ন্ত্রণ করে চলন্ত অবস্থায় এই লম্বা দূরত্বের লাইভ ব্রডকাস্ট করার মত একরকম অসম্ভব কাজ তৎকালীন কলকাতা কেন্দ্রের কর্মীরা ও বীরেন্দ্রকৃষ্ণ করেছিলেন এবং বিশ্বকবির মৃত্যু ও নিমতলায় দেহ সৎকারের ধারাভাষ্য দিয়েছিলেন। উল্লেখ্য, রবীন্দ্রনাথেরই দেওয়া নাম এই ‘আকাশবাণী’।আরেকজনের কথা না বললেই নয়, কবিগুরুর অত্যন্ত স্নেহভাজন বিদ্রোহী কবি নজরুল মৃত্যসংবাদ শুনে অত্যন্ত শোকার্ত হয়ে পড়েন, তিনি অল ইন্ডিয়া রেডিওর(আকাশবাণী) কলকাতা কেন্দ্রে অবস্থান করছিলেন তখন। শোকস্তব্ধ নজরুল রেডিও স্টেশনেই বসে তাৎক্ষণিকভাবে রচনা করেন তাঁর বিখ্যাত শোকগাথা 'রবিহারা' কবিতা এবং 'ঘুমাইতে দাও শ্রান্ত রবিরে' গানটি।
শেষকৃত্য সম্পন্ন হওয়ার পর, সেই দিনই সন্ধ্যার অধিবেশনে নজরুল নিজে রেডিওতে তাঁর এই নতুন কবিতাটি আবৃত্তি করেন, যার প্রথম কইয়েকটি চরণ-দুপুরের রবি পড়িয়াছে ঢলে অস্ত-পথের কোলে/শ্রাবণের মেঘ ছুটে এল দলে দলে/উদাস গগন-তলে বিশ্বের রবি, ভারতের কবি, শ্যাম বাংলার হৃদয়ের ছবি / তুমি চলে যাবে বলে।

পরদিন অন্যান্য শিল্পীদের সঙ্গে নিয়ে গানটি পরিবেশন করে গুরুদেবকে বিদায় জানান।
দেশ-বিদেশের অগণিত খ্যাতিমান ব্যক্তিত্বেরা সেদিন শোকবার্তা জানিয়েছিলেন। ভারতীয় ও আন্তর্জাতিক খ্যাতনামা সব প্রচারমাধ্যমগুলোতে অত্যন্ত গুরুত্বের সাথে প্রকাশিত হয় এই শোক সংবাদ।

তবে অন্তিমইচ্ছা অনুযায়ী কবির প্রিয় আশ্রমে জীবনাবসান না হলেও অল্প কয়েকদিনের মধ্যেই কবির স্নেহধন্য শিল্পী সুরেন্দ্রনাথ কর পিতলের কলসিতে করে চিতাভস্ম নিয়ে শান্তিনিকেতনে আসেন। যা এখনও রবীন্দ্রভবনে সযত্নে সংরক্ষিত। প্রয়াণের ঠিক দশ দিন পরেই ১৯৪১ খ্রিষ্টাব্দের ১৭ই অগাস্ট, ১৩৪৮ বঙ্গাব্দের ৩২শে শ্রাবণ, রবিবার ভোর ৬টা ৩০ মিনিটে রবীন্দ্রনাথের প্রিয় ছাতিমতলায় আদি ব্রাহ্মসমাজ মতে তাঁর শ্রাদ্ধকর্ম সুসম্পন্ন হয়, যেখানে কঠোপনিষদ থেকে যম ও নচিকেতার অংশটি পাঠ করেন মহামহোপাধ্যায় বিধুশেখর শাস্ত্রী। পারলৌকিক ক্রিয়া সম্পাদন করেন পুত্র রথীন্দ্রনাথ ঠাকুর ও পৌত্র সুবীরেন্দ্রনাথ ঠাকুর। উপস্থিত সকলকে কবিগুরুর শেষ বয়সের ছবি, শেষ কবিতা ও ‘সমুখে শান্তি পারাবার’ গানটি মুদ্রিত হরফে দেওয়া হয়। এর পরে বিশ্বভারতীর পক্ষ থেকে দরিদ্রদের অন্ন ও বস্ত্র বিতরণ করা হয়।

কখনও কখনও মনে হয়, মৃত্যুর ৮ দিন পূর্বে ৩০শে জুলাইতে ঐ অস্ত্রোপচারটা না করলে বা সেটা থেকে সেরে উঠলে হয়তো আরও কিছুকাল বেঁচে থাকতেন কবিগুরু, আরও কিছু অমর সৃষ্টি বাংলা সাহিত্যভাণ্ডারে যুক্ত হতে পারত। পরক্ষণেই মনে হয়, অনুকূল সময়েই চলে গিয়েছেন কবি। আর মাত্র ৫ বছর বেঁচে থাকলে ঐ অগাস্টেই তাঁকে দেখতে হত কলকাতার হাজারো মানুষের ভয়াবহ হত্যাযজ্ঞ। আর মাত্র ৬ বছর বেঁচে থাকলে ঐ অগাস্টেই তাঁকে পেতে হত জীবনের সর্বোচ্চ আঘাত –দুই বাংলার চিরকালীন বিভাজন, তথা ভারতভাগের দুঃসহ যন্ত্রণা। ১৯০৫-এ প্রথমবারের মত অস্থায়ী ভাবে বঙ্গভঙ্গের পর যিনি ‘আমার সোনার বাংলা’, ;বাংলার মাটি, বাংলার জল’, ‘ও আমার দেশের মাটি’ ইত্যাদি সঙ্গীতে বিভাজন ভেঙে একত্র করার প্রাণান্ত চেষ্টা করেছিলেন, তিনি না জানি বাংলার এই স্থায়ী সাম্প্রদায়িক বিভাজনে কতই না ব্যথিত হতেন!
আজীবন নিকটতম প্রিয়জনদের মৃত্যুশোক ও অসংখ্য দুঃখ সহ্য করেও দৃঢ়তা বজায় রাখা এই বিশ্বমানব, যিনি অন্ধ ও সংকীর্ণ জাতীয়তাবাদ ও রাজনৈতিক সীমার মাধ্যমে মানুষকে বিভক্ত করার তীব্র বিরোধী ছিলেন, তাঁকে নিজের বাংলার এই টুকরো টুকরো হয়ে যাওয়ার আঘাৎ সহ্য করতে হয়নি, এটা আশীর্বাদই বটে।

Roots That Give Us Wings

Fifty Years of Sharodia — A Journey from One Generation to the Next



Sanjoy Chowdhury

There are moments when time stands still—the sound of the dhak, the fragrance of incense, the glow of the lamps, and a child standing before Maa Durga while an elder closes her eyes and remembers a Puja from long ago. In that moment, generations meet.

For fifty years, Sharodia Society has created such moments in Halifax. What began with a small group's vision has grown into a community where generations gather—not simply to celebrate Durga Puja, but to reconnect with a story that began before us and will continue after us. Fifty years is more than an anniversary. It is a bridge between generations. And it invites a quiet question: what will we pass on to those who follow—not just photographs, recipes and rituals, but something that can travel with our children wherever life takes them? Something that gives them roots, and wings.

The Katho Upanishad tells of Nachiketa, a boy who dared to ask difficult questions and carried them before Yama himself. It is telling that our tradition chose a child as one of its great seekers. Our responsibility is not to give our children answers, but the courage to ask meaningful questions. Culture should not be a wall that keeps the world out; it should be a compass that helps us find our way through it.

The Bhagavad Gita offers another lesson. Arjuna stands on the battlefield, overwhelmed. Krishna does not simply command him—He teaches him and then leaves the decision to Arjuna. We cannot choose our children's paths for them; they will meet roads we never travelled. Our task is not to hand them a map with every turn marked, but a moral compass. If we pass on the values beneath our traditions—truth, compassion, responsibility, courage, service—our children inherit something greater than instructions: an inner guide. When wisdom becomes one's own, it becomes character.

Then there is Hanuman, who possessed extraordinary strength yet momentarily forgot it before the vast ocean—until others reminded him, and he crossed it. Our children will hear many voices telling them who to become. Beneath all of it, may a quiet awareness remain I come from somewhere. I come from people who crossed oceans, carried their memories, and built new lives. Knowing one's roots does not make the world smaller; it gives us confidence to travel farther without losing our way.

And there is Maa Durga—many individual strengths united into one greater Shakti. Sharodia's fifty years is, in its own way, the same story: built by countless hands, some seen and many unseen, who together created what no one could have built alone. That is community.

Culture rarely disappears in one dramatic moment; it fades quietly, a story untold, a question unasked. But it also survives through small acts—a grandparent's story, a parent's explanation, a child's verse, a teenager's volunteering, a family singing together. This is how it travels, one generation to the next. Our children need not become exactly who we are; a living tradition must breathe. Our task is to pass on the wisdom beneath the outer forms.

Let our children question like Nachiketa, choose with the wisdom of Arjuna, remember their strength like Hanuman, and discover through Maa Durga what individuals become when they unite. Then our heritage will not merely survive—it will thrive.

Fifty years ago, our elders planted a seed; today we stand in its shade. The truest way to honour them is to nurture it for those who come after. Let us give our children every opportunity this country offers—let them dream, question, and become who they are meant to be. But while giving them wings, let us also give them roots. A seed does not choose between the two—it flies on the wind to reach new ground, and only then puts down roots to grow into a tree that shelters those who follow. Roots give us belonging. Values give us direction. And wings give us the courage to fly.

Fifty years of Sharodia is not the end of a journey—it is a promise between generations, that what was entrusted to us will not end with us. May our children fly farther than we ever could, and wherever their journey takes them, may they always know the way home.

শুভ শারদীয়া।

Happy 50th Anniversary, Sharodia Society.

May Maa Durga bless our community and generations to come with strength, wisdom, compassion, unity, and the courage to carry our light forward.

সমুদ্রসৈকতে রহস্য

মুনমুন ভৌমিক



অনেক দিনের ইচ্ছে ছিল আমার আর নবীনের—এমন একটা vacation-এ যাব, যেখানে দু'জনে মিলে কিছুটা সময় নিরিবিলিতে কাটাতে পারব। অবশেষে সেই সুযোগ এল। কলকাতার খুব কাছেই সমুদ্রের ধারে একটি সুন্দর জায়গায় যাওয়ার পরিকল্পনা করলাম।এক শুক্রবার সন্ধেবেলা আমরা ট্রেনে উঠলাম। আমাদের সঙ্গে ছিল আরও এক couple—রুম্পা আর রূপঙ্কর। দু'জনেই বেশ মিশুকে স্বভাবের। অল্প সময়ের মধ্যেই আমাদের বেশ বন্ধুত্ব হয়ে গেল। গল্প করতে করতে কখন যে রাত কেটে গেল, বুঝতেই পারিনি।গল্পের সূত্রে জানতে পারলাম, ওরা যে হোটেলে থাকবে, সেটা আমাদের হোটেল থেকে খুব কাছেই। তাই ঠিক করলাম, যতদিন সেখানে থাকব, সম্ভব হলে রোজই দেখা করব।

পরের দিন সকালটা ছিল অসাধারণ সুন্দর। আমরা সকাল সকাল breakfast করে বেরিয়ে পড়লাম। ইচ্ছে ছিল সারাদিন সমুদ্রসৈকতে কাটাব।যেতে যেতে পড়ল আমাদের friend couple-এর হোটেল। কথা ছিল, সবাই একসঙ্গে সমুদ্রের দিকে যাব। ওদের room number জানা ছিল, তাই সোজা reception-এ গিয়ে জানিয়ে ওপরে উঠে গেলাম।

Bell বাজালাম।কিন্তু কেউ দরজা খুলল না।

আরও কয়েকবার bell বাজালাম। তবুও কোনও সাড়া নেই।কী ব্যাপার বুঝতে না পেরে নিচে reception-এ গিয়ে জিজ্ঞাসা করলাম। ওরাও কিছু বলতে পারল না। বলল, ওদের বাইরে বেরোতেও দেখেনি।আমরা হোটেল থেকে বেরিয়ে আসছি, এমন সময় দেখি রুম্পা বাইরে থেকে হোটেলে ঢুকছে।জিজ্ঞাসা করতেই জানাল, সে অনেক সকালে morning walk-এ বেরিয়েছিল। রূপঙ্কর নাকি এখনও ঘুমাচ্ছে।

আমার একটু অবাক লাগল।এতবার bell বাজানোর পরও কী করে ঘুম ভাঙল না?যাই হোক, রুম্পার সঙ্গে আবার ওপরে গেলাম। ও চাবি দিয়ে দরজা খুলে ঘরে ঢুকল। আমরা তখনও বাইরে দাঁড়িয়ে।হঠাৎ ভেতর থেকে রুম্পার একটা চিৎকার শুনতে পেলাম।ছুটে ঘরের মধ্যে ঢুকে দেখি, রুম্পা রূপঙ্করকে জাগানোর আপ্রাণ চেষ্টা করছে। কিন্তু রূপঙ্কর কোনও সাড়া দিচ্ছে না।আমরাও অনেক চেষ্টা করলাম। কিন্তু কোনও লাভ হল না।

অবশেষে হোটেল management-কে খবর দিয়ে একজন doctor ডাকা হল।Doctor এসে পরীক্ষা করে জানালেন—**রূপঙ্কর মারা গেছে।**আমরা সবাই স্তব্ধ।রুম্পা যেন পাথর হয়ে গেছে। এতটাই shocked যে তার মুখ দিয়ে কোনও কথাই বেরোচ্ছিল না।হোটেল management emergency contact-এর মাধ্যমে রূপঙ্করের বাড়িতে খবর দিল। আশ্চর্যের বিষয়, প্রায় এক ঘণ্টার মধ্যেই রূপঙ্করের দাদা-বৌদি সেখানে পৌঁছে গেলেন। অথচ কলকাতা থেকে ওই জায়গায় আসতে অন্তত তিন ঘণ্টা সময় লাগার কথা।

যাই হোক, তখন এসব নিয়ে ভাবার মতো মানসিক অবস্থা কারও ছিল না।হঠাৎ আমার চোখে পড়ল—রূপঙ্করের মাথার পেছনে একটা bandage বাঁধা।আমি রুম্পাকে জিজ্ঞাসা করলাম, কিন্তু সে কোনও উত্তর

দিল না।আমার মনে একটা খটকা লাগল।**কাল তো এই bandage দেখিনি!**সেই মুহূর্তেই মনে হল, আমার ভেতরের detective বোধহয় জেগে উঠেছে।

সব formalities শেষ হতে হতে দুপুর হয়ে গেল। রূপঙ্করের দাদা-বৌদি রুম্পাকে সঙ্গে করে নিয়ে গেলেন। ওদের room-এর চাবি আমাদের কাছেই ছিল। আমরা বললাম, reception-এ গিয়ে চাবিটা দিয়ে আসব।ঘরের মধ্যে luggage-গুলো তখনও এলোমেলো হয়ে ছড়িয়ে ছিল। সেগুলো একটু গুছিয়ে দিতে গিয়ে হঠাৎ আমার চোখে পড়ল একটা folder।Folder খুলতেই দেখি—রূপঙ্করের life insurance-এর file।আর তার মধ্যে লেখা insurance amount দেখে আমার চোখ কপালে উঠল।**এক কোটি টাকা!**কিন্তু তার থেকেও অদ্‌ভুত লাগল অন্য একটা বিষয়।**কেউ vacation-এ এসে সঙ্গে করে life insurance-এর file নিয়ে আসে কেন?**বিষয়টা আমার মাথায় ঘুরতে লাগল।যাই হোক, room lock করে আমরা সেখান থেকে চলে এলাম।

আমরা এই জায়গায় এসেছিলাম আমাদের এক বন্ধুর recommendation-এ। তার সঙ্গে কথা বলতে গিয়ে জানতে পারলাম, এখানকার Police Commissioner তার পরিচিত।আমি তাঁর সঙ্গে যোগাযোগ করলাম এবং hotel-এর CCTV footage দেখার অনুমতি পেলাম।CCTV-তে যা দেখলাম, তাতে আমার সন্দেহ আরও বেড়ে গেল।রাত প্রায় দুটো নাগাদ একজন ভদ্রলোক রুম্পা আর রূপঙ্করের room-এ ঢুকছেন। আশ্চর্যের বিষয়, কেউ যেন ভেতর থেকে তাঁকে দরজা খুলে দিল।কিন্তু কে দরজা খুলেছিল, সেটা CCTV-তে বোঝা গেল না।তবে যিনি ঘরে ঢুকেছিলেন, তাঁর মুখ একেবারে পরিষ্কার দেখা যাচ্ছিল।তিনি ছিলেন—**রূপঙ্করের দাদা।**আমার মাথায় একের পর এক প্রশ্ন ঘুরতে লাগল।**এত রাতে রূপঙ্করের দাদা সেখানে কেন এসেছিলেন? আর তাঁকে দরজা খুলে দিয়েছিল কে?**প্রথম সন্দেহটা গিয়ে পড়ল রুম্পার ওপর।কিন্তু কেন?সে কেন রূপঙ্করকে হত্যা করবে?আমরা তো তাদের পারিবারিক ব্যাপার সম্পর্কে কিছুই জানতাম না।

সেদিন রূপঙ্করের নিথর দেহ কলকাতায় নিয়ে যাওয়ার জন্য সবাই যখন airport-এর দিকে রওনা দিচ্ছে, তখন আমার চোখে পড়ল আরও একজন কমবয়সি মেয়ে।পরে জানতে পারলাম, সে রুম্পার বোন—টুম্পা।অদ্‌ভুত বিষয় হল, সে তার দিদির সঙ্গে খুব বেশি সময় কাটাচ্ছিল না। বরং বেশিরভাগ সময় রূপঙ্করের দাদা-বৌদির সঙ্গেই কথা বলছিল।আমি তখন রুম্পার পাশেই ছিলাম। ওকে কিছুটা স্বাভাবিক দেখে জিজ্ঞাসা করলাম,—"তুমি এত সকালে একা morning walk-এ গিয়েছিলে কেন?"রুম্পা জানাল, তার বোন টুম্পা নাকি সেখানে কোনও office-এর কাজে এসেছিল এবং তাকেই morning walk-এ যেতে ডেকেছিল।আমার কৌতূহল আরও বেড়ে গেল।আমি জিজ্ঞাসা করলাম,—"তুমি ঘুরতে এসে রূপঙ্করের life insurance-এর file সঙ্গে করে এনেছিলে কেন?"রুম্পা জানাল, টুম্পা তাকে বলেছিল, সে file-টা দেখতে চায় এবং রূপঙ্করের সঙ্গে insurance নিয়ে কিছু আলোচনা করতে চায়। যেহেতু টুম্পা আর রূপঙ্কর এই বিষয় নিয়ে মাঝেমধ্যেই আলোচনা করত, তাই রুম্পার কাছে ব্যাপারটা অস্বাভাবিক মনে হয়নি।কিন্তু আমার কাছে ব্যাপারটা ক্রমশ অস্বাভাবিক হয়ে উঠছিল।

আরও কিছু খোঁজখবর নিয়ে জানতে পারলাম, টুম্পা এবং রূপঙ্করের দাদা-বৌদি কাছেই আরেকটি হোটেলে উঠেছেন।Luggage ফেরত দেওয়ার জন্য আমরা সেই হোটেলে গেলাম। সেখানে তাঁদের সঙ্গে কিছুক্ষণ কথাবার্তা হল।সেই কথাবার্তায় একটা বিষয় বেশ পরিষ্কার হয়ে গেল—টুম্পার সঙ্গে রূপঙ্করের

দাদা-বৌদির বেশ ঘনিষ্ঠ যোগাযোগ ছিল।Police-এর অনুমতি নিয়ে আমি life insurance-এর file-টা নিজের কাছেই রেখেছিলাম।আরও কিছু খোঁজখবর নিয়ে জানতে পারলাম, টুম্পা ওই insurance company-র office-এ কয়েকবার ফোন করেছিল nominee পরিবর্তন করার ব্যাপারে।কিন্তু স্বাভাবিক ভাবে রূপঙ্করের অনুমতি ছাড়া nominee পরিবর্তন করা সম্ভব হয়নি।

এবার ধীরে ধীরে পুরো ছবিটা আমার সামনে পরিষ্কার হতে শুরু করল।তবু কয়েকটা confirmation-এর অপেক্ষায় ছিলাম।অবশেষে যেদিন সবার ফিরে যাওয়ার কথা, সেদিন Police-এর উপস্থিতিতে সবাইকে এক জায়গায় ডাকা হল।

Police-এর অনুমতি নিয়ে আমি রূপঙ্করের দাদাকে একটা প্রশ্ন করলাম——"রূপঙ্করের মৃত্যুর খবর পাওয়ার পর আপনারা মাত্র এক ঘণ্টার মধ্যে কীভাবে এখানে পৌঁছে গেলেন? কলকাতা থেকে তো এখানে আসতে কমপক্ষে তিন ঘণ্টা সময় লাগে।"কিন্তু তাঁর কাছে এই প্রশ্নের কোনও সন্তোষজনক উত্তর ছিল না।এবার আমি এতক্ষণে যা বুঝেছিলাম, সেটা Police এবং উপস্থিত সকলের সামনে বললাম।এবং শেষে বললাম,—"আমার কথায় যদি কোনও ভুল থাকে, তাহলে আপনারা নিজেদের বক্তব্য দিয়ে সেটা পরিষ্কার করতে পারেন।"কিছুক্ষণ নীরবতার পর সত্যিটা ধীরে ধীরে সামনে চলে এল।

রূপঙ্করের দাদা, বৌদি এবং রুম্পার বোন টুম্পা—তিনজনেই জানত রূপঙ্করের life insurance-এর পরিমাণ।অনেকদিন ধরেই তাদের চোখ ছিল সেই এক কোটি টাকার ওপর।Insurance-এর nominee ছিল রুম্পা।রূপঙ্করের দাদা চেষ্টা করছিলেন nominee হিসেবে তাঁদের মায়ের নাম বসাতে, যাতে পরে সেই টাকা তাঁদের মায়ের কাছ থেকে নিজেদের মধ্যে ভাগ করে নিতে পারেন।টুম্পাও এই পরিকল্পনায় সাহায্য করেছিল—তবে শর্ত ছিল, টাকা পাওয়া গেলে সেও তার ভাগ পাবে।টুম্পাই রুম্পাকে বলেছিল, vacation-এ যাওয়ার সময় যেন insurance-এর file-টা সঙ্গে নিয়ে যায়। তার নাকি সেখানে একজন পরিচিত আছে, যিনি file দেখে আরও ভালো কিছু পরামর্শ দিতে পারবেন।তাদের পরিকল্পনা ছিল, তিনজনে মিলে রূপঙ্করের ওপর চাপ সৃষ্টি করে nominee পরিবর্তন করানো।এরই মধ্যে টুম্পা কথার ছলে রুম্পার কাছ থেকে তাদের hotel room-এর combination lock-এর নম্বর জেনে নিয়েছিল।সেদিন সকালে টুম্পাই রুম্পাকে morning walk-এ যাওয়ার জন্য ডেকেছিল।আর সেই সুযোগেই রূপঙ্করের দাদা তাঁদের hotel room-এ ঢুকেছিলেন।তারপর শুরু হয় রূপঙ্করের সঙ্গে তর্ক-বিতর্ক।কথা কাটাকাটির এক পর্যায়ে রাগের মাথায় রূপঙ্করের দাদা তাকে ধাক্কা মেরে ফেলেন।রূপঙ্করের মাথার পেছনটা গিয়ে খাটের কোণায় জোরে আঘাত লাগে।সেখানেই তার মৃত্যু হয়।পরিস্থিতি সামলানোর জন্য তার মাথায় bandage বেঁধে দেওয়া হয়েছিল, যাতে আঘাতের বিষয়টি সহজে বোঝা না যায়।ঘরের ভেতরে ঠিক কী ঘটেছিল, তার পুরোটাই তখনও আমার কাছে ছিল অনুমান।

কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল—**আমার অনুমানই সত্যি ছিল।**একসময় সবাই নিজেদের অপরাধ স্বীকার করে নিল।রূপঙ্করের দাদা গ্রেপ্তার হলেন খুনের অভিযোগে।আর রূপঙ্করের বৌদি ও টুম্পা গ্রেপ্তার হলেন তাঁকে অপরাধে সাহায্য করার অভিযোগে।ঘটনাটা শেষ হওয়ার পরও একটা কথাই বারবার মনে হচ্ছিল—

টাকার জন্য মানুষ কতটা নিচে নামতে পারে!

SHARODIA SOCIETY MEMBERS 2026

ADHIKARI Jayanti ✆ 9026911615	**BANERJEE Samrat, Soumyadeep, GANGULY Pooja** ✆ 9029893750, 9029893670
BANERJEE Anindya, Deepa, Shritan ✆ 4086232484	**BANIK Sudeshna, HALDER Issac, KAUR Iqbal, MAJUMDER Anirban, Sagata Mousi, RODRIGUES Jonathan** ✆ 7828825928, 9029790401, 9025371257, 9022176991, 7828820908, 5147122475
BHATTACHARJEE Juthika, CHATTERJEE Neelgiri ✆ 9022100469, 9028778030	**BHOWMICK Anjan, Munmun, Swaha** ✆ 9027195972, 9027195907, 9024781410
BISWAS Minal, Hima ✆ 4372396788, 7823701342	**BOSU Amrita Anjan Joy, Shubhra, Auroni Sancharini** ✆ 6132655690, 7823211155
CHAKRABORTY Pranaya, Stephanie ✆ 7788686450	**CHAKRABORTY Nobonita, MUKHERJEE Saikat** ✆ 9024126999, 9024126788
CHAKRABORTY Anushka, Pallab, CHAKRABARTI Devi ✆ 9023292402, 9023293210	**CHAKRABORTY Prataya, Katherine, Priom, Malay Kanti, Shema** ✆ 9028775864, 9027907944
CHATTERJEE Sudip, SADHU Susmita ✆ 5064718783, 5064715042	**CHATTERJEE Abhradita Samanta, Sanghamitra, SAMANTA Anirban, Rayaan** ✆ 9026300636, 9026300701
CHOWDHURY Sanjoy, Prithula Priyanti, Parthiv Prithu, SENGUPTA Sharmistha ✆ 9022202296, 9024922881	**CHOWDHURY Smriti, Dhiman** ✆ 9024889946, 9024894184
CHOWDHURY Joytirmoy, Suchita ✆ 9024296043	**CHOWDHURY Chinmoy** ✆ 9025799946
DAS Sipra, Shankar ✆ 5063889373, 5063889373	**DAS Biman, Diane** ✆ 9028359994
DAS Anup, Rebecca, Raine, Aron ✆ 5198088799, 2265594022	**DAS Purbasha, Pramila, Paritosh** ✆ 9022295133
DASGUPTA Krishna ✆ 9024145536	**DASGUPTA Chandra, Bishnu** ✆ 9024520869, 9024527888
DASTIDAR Kabita Ghose, Anil Ghose ✆ 9024482520, 9024483049	**DATTA Sanjukta, Hemanta, Archan, DEAGUIAR Angela** ✆ 9022938405, 9025798405, 9028098405

DATTA Diptangshu ✆ 9024122243	**DE Kumkum** ✆ 9024883578
DE Bimal, Krishna, Barna ✆ 9024047456, 7824149633, 9024231663	**DEY Dipenker, Urmi Tumpa, Sukanta Amit, Dipannita, Debargho, Deepayan, Odrit, BHOWMIK Kanan Bala, KAR Bithi** ✆ 9024714764, 9024716344, 9029897918, 7824091235
DHAR Rupom Kanti ✆ 5062824144	**DUTTA Indranil, Manali, Shayan Som, Mehul Roy** ✆ 9024481730, 9024021730
DUTTA Jaya, Hiranmay ✆ 9024558431	**GHOSE Bandana** ✆ 9023298618
GHOSH Soumya Kanti, Kahon, CHAKRABORTY Priyanka, PRAMANICK Soumya ✆ 7828820434, 9029891632, 9029891613	**GHOSH Tonmoy, Snehomoy, Sutapa, Sushmoy** ✆ 9029896230
GHOSH Suchandra, Sunandita, Swayongdipto ✆ 9025796002, 9022095554	**GHOSH Debdipa, Sukalyan, Aarushi** ✆ 7824096617
GREWAL Krishna, Harcharan, Neil, GHOSH Shandhya ✆ 9022192830	**GUPTA Prithula, MAJUMDER Emon** ✆ 9024482528, 9029578377
GUPTA Indranil, Madhuparna, Oindrila, Mira ✆ 6476272595, 9022401410	**MAJUMDER Bijan, Kakoli, Aadrita, Aadrik** ✆ 9024449637, 9024491297
MANDAL Saptarshi, Shreya ✆ 9022202602, 9022231602	**MIDDYA Jagannath, Monalisa, Aaranyak** ✆ 4376798479, 9025807189
MITRA Asmita, Subhankar, Aaditri, DAS Asima ✆ 9029433920, 9024959740	**MITRA Sumita, Anirban, Ridhima** ✆ 9024033724, 4372361277
MUKHOPADHYAY Arun ✆ 9024923956	**MUKHOPADHYAY Saikat** ✆ 9024434298
NAQVI Ruchira, Imran, Ayesha, Anish, Naveen, JACKSON Emily ✆ 9028778096, 9028778093	**NATH Jyoty Dev, PODDER Anuradha** ✆ 9028028763, 9029770456
PAL Rohan, Dali, ROY Trayanti ✆ 4162773140	**PATSA Sourav, Shreyasi Chatterjee, Sanmita** ✆ 7828826049
PAUL Samiron, Jolly, Shreyasi, Srijon, Smriti Rani ✆ 9027897722, 9027897723	**PAUL Jyotirmoy, Ridhika, SINHA Susmita** ✆ 9024991655, 7828822027

ROY Shyamol, Sharthak, Prottoy, SAHA Boby ✆ 6475409647, 6474829647	**ROY Dibangshu, Shitangshu, DAS Shipra** ✆ 9024075895, 6478358008
SAHA Amal, Ayush, Manobika, Avrodeep, DEY Mishu ✆ 9024883496, 9024791703	**SAHA Gobinda, Jali, Onkit, Obhik** ✆ 5064718794, 5064719487
SANYAL Mihir, Debasree, Monosrija, Mihika ✆ 9028802693, 9028802130	**SEN Somnath, Shreena, CHOWDHURY Srabanti Modak** ✆ 9025805088, 9025800394
TALUKDAR Bidyut, Shubham, Shamita, PRIYANKA Nipa, SAHA Autoshi ✆ 9025803572	**VENUGOPAL Sujata** ✆ 9028028293

